# পাওয়ার অফ অ্যাটরনির সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বিষয়গুলি

1

**পাওয়ার অফ অ্যাটরনি (power of attorney (PoA)) কি ?** পাওয়ার অফ অ্যাটরনি হল একটা লিখিত দলিল যার দ্বারা আপনি অন্য ব্যক্তিদের, যেমন আপনার অ্যাটরনি বা প্রতিনিধি (দের) আপনার হয়ে সিদ্ধান্ত নেবার আইনসম্মত অধিকার দিতে পারেন। অ্যাটরনিদের আপনি কোন কোন বিশেষ ব্যক্তিগত ক্ষমতা দিতে চান তার সবগুলিই এই PoA দলিলে তালিকাবদ্ধ থাকবে। আপনার নিজের PoA দলিল প্রস্তুত করবার ব্যবস্থা আপনাকেই করতে হবে, কারণ আমরা এই কাজটা করি না।

2

**PoA কি বিভিন্ন প্রকারের হতে পারে ?** - হ্যা, আপনি তুই ভাবে এটা করতে পারেন :

- কন্টিনিউইং (Continuing) PoA - আপনার সম্পত্তি ও আর্থিক বিষয়গুলিতে সিদ্ধান্ত নেবার জন্য
- ওয়েলফেয়ার (Welfare) PoA - আপনার স্বাস্থ্য ও কল্যাণমূলক বিষয়গুলিতে সিদ্ধান্ত নেবার জন্য

তবে, অধিকাংশ লোকেই একটা সম্মিলিত বা কমবাইন্ড (combined) PoA করে থাকেন যেখানে তাঁদের আর্থিক বিষয়ে এবং ব্যক্তিগত স্বাস্থ্য ও কল্যাণমূলক বিষয়ের সব সিদ্ধান্তগুলিই নেওয়া যায়।

3

**আপনার অ্যাটরনি কারা হতে পারেন ?** আপনার অ্যাটরনি হবেন এমন ব্যক্তি বা ব্যক্তিরা যাদের আপনি বিশ্বাস করেন, আপনার ইচ্ছা ও অনুভূতিগুলির বিষয়ে যাদের জানা আছে। কি ভাবে ও কখন আপনার PoA ব্যবহার করা হবে সেই বিষয়ে আপনি ও আপনার অ্যাটরনিরা যে সম্পূর্ণ একমত সেটা নিশ্চিত করে নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনি যে কোনও ব্যক্তিকে অ্যাটরনি হিসাবে নিয়োগ করতে পারেন, যেমন কোনও আত্মীয়, বন্ধু, কোনও একজন আইনজীবী, স্ত্রী/স্বামী/পার্টনার-কে। অ্যাটরনিদের বয়স ১৬ বছরের বেশি হতে হবে, এবং আপনি যদি তাদের কন্টিনিউইং PoA হিসাবে নিয়োগ করতে চান তাহলে তাঁরা ব্যাঙ্কক্রাপ্ট বা দেউলিয়া হতে পারবেন না।

সর্বমোট কতজন অ্যাটরনি নিয়োগ করা যাবে তার কোনও সর্বোচ্চ সীমা নেই। একজনের বেশি অ্যাটরনি নিয়োগ করার বিষয়টা বিবেচনা করে দেখা ভালো কারণ এমন একটা পরিস্থিতি ঘটতে পারে যখন তিনি তাঁর কাজ করতে পারছেন না। আপনি যৌথ এবং অথবা বিকল্প অ্যাটরনি নিয়োগ করতে পারেন। অ্যাটরনিরা তাঁদের কাজ করতে সম্মত আছেন এই বিষয়ে অবশ্যই তাঁদের নিশ্চিত প্রতিশ্রুতি দিতে হবে।

4

**আপনার PoA কখন থেকে কাজ শুরু করবেন ?** আপনি যদি কন্টিনিউইং অ্যাটরনি নিয়োগ করতে চান তাহলে, কবে থেকে তারা আপনার হয়ে কাজ শুরু করবেন এই বিষয়ে আপনাকে সিদ্ধান্ত নিতে হবে। এমন হতে পারে যে PoA হিসাবে আমাদের সাথে রেজিস্টাড হবার পর থেকেই তারা কাজ করতে শুরু করলেন অথবা পরবর্তী কোনও সময়ে, যেমন হয়তো আপনার অক্ষম হয়ে পড়ার পর। ওয়েলফেয়ার PoA-রা **কেবলমাত্র** তখনই কাজ শুরু করবেন, যখন আপনি আপনার নিজের কল্যাণমূলক বিষয়গুলিতে আর সিদ্ধান্ত নিতে পারছেন না।

5

**আপনার অ্যাটরনিদের যথেষ্ট ক্ষমতা প্রদান করা** - আপনার অ্যাটরনিরা যাতে অদূর ও সুদূর ভবিষ্যতে আপনার হয়ে সঠিক সিদ্ধান্ত নিতে পারেন সেই বিষয়ে আপনি চিন্তা করে দেখবেন, এবং তার জন্য আপনি তাঁদের যথেষ্ট ক্ষমতা প্রদান করছেন কিনা সেটা নিশ্চিত করে নেবেন। আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট, পেনশন, পেমেন্ট, ইনভেস্টমেন্ট ইত্যাদির ব্যবস্থা এবং আপনি কোথায় থাকবেন সেই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া এই সব কিছুই PoA-র কাজের মধ্যে পড়তে পারে।

স্কটিশ গভনমেন্ট দ্বারা প্রচারিত কাযবিধি (The Code of Practice)-তে আপনি এই বিষয়ে আরও নির্দেশ পাবেন। www.gov.scot/collections/adults-with-incapacity-forms-and-guidance/#codesofpractice. চাইলে আপনাকে হার্ড কপি অর্থাৎ কাগজের কপিও পাঠানো যেতে পারে। টেলিফোন : 0131 244 3581

6

**আপনি যে অক্ষম সেটা কি ভাবে নিধারিত হবে ?** আপনি অক্ষম হয়ে পড়লে তবেই যদি আপনার অ্যাটরনি আপনার হয়ে সিদ্ধান্ত নিতে পারেন, তাহলে কি ভাবে আপনার অক্ষম অবস্থা নির্ধারিত করা হবে সেই বিষয়ে আপনাকে চিন্তা করে দেখতে হবে। এই তথ্য অবশ্যই আপনার PoA দলিলে লেখা থাকতে হবে। সেই সিদ্ধান্ত নেবার দায়িত্ব কার উপরে আপনি দিতে চান, সেই কথাও জানিয়ে রাখা ভালো, যেমন তিনি আপনার জিপি (GP) বা আপনার বিশ্বাসভাজন কোনও ব্যক্তি হতে পারেন।

7

**কোথা থেকে আমি PoA পাব ?** অধিকাংশ সলিসিটর আপনাকে একটা PoA দলিল প্রস্তুত করতে সাহায্য করতে পারবেন এবং তাঁরা আপনাকে আইনী পরামর্শও দেবেন। আপনি কোনও সলিসিটরের সাহায্য নিতে না চাইলে অন্য পেশাজীবীরাও আপনাকে PoA দলিল প্রস্তুত করে দিতে পারেন এবং কোনও কোনও স্টেশনারী দোকানেও PoA দলিলের প্যাক বিক্রি করে যা আপনি ব্যবহার করতে পারবেন।

আমরা যদিও আপনাকে আসল PoA দলিল দিতে পারব না, কিন্তু আমাদের ওয়েবসাইট-এ আপনি অনেক প্রয়োজনীয় তথ্য পাবেন।

8

**আপনার PoA দলিল প্রস্তুত হয়ে গেলে আপনাকে একটা ইন্টারভাউ দিতে হবে -** এই ইন্টারভাউ নেবেন একজন সলিসিটর বা একজন ডাক্তার। আপনি যা করতে চলেছেন সেই বিষয়টা আপনি সম্পণ বঝেছেন কিনা সেটা তারা মূল্যায়ন বা পরীক্ষা করে দেখবেন। মূল্যায়নে সন্তুষ্ট হলে তারা একটা নিধারিত সাটিফিকেটে সই করে তাদের সম্মতি জানাবেন। আপনি যে তারিখে আপনার PoA দলিল সই করবেন, সেই তারিখটি এই নিধারিত সাটিফিকেটের বক্স 2-তে লিখতে হবে, এই দুইটি তারিখ অবশ্যই এক হতে হবে। নিধারিত সাটিফিকেটের শেষে যেখানে আপনার সলিসিটর বা ডাক্তার সই করবেন, সেখানে সেই একই তারিখ দিতে পারবেন অথবা তা পরের কোনও তারিখও দেওয়া যাবে, কিন্তু যেদিন আপনি আপনার PoA দলিল সই করবেন, তার আগের কোনও তারিখ সেখানে দেওয়া যাবে না।

9

**আপনার অ্যাটরনিরা যে স্বেচ্ছায় আপনার হয়ে কাজ করতে রাজি আছেন, সেটা তাঁদের সম্মতি দিয়ে জানাতে হবে -** আমরা একটা রেজিস্ট্রেশন ফম দিয়ে থাকি, যে ফমে অ্যাটরনিরা সই দিয়ে জানাবেন যে তারা স্বেচ্ছায় আপনার হয়ে কাজ করতে রাজি আছেন। আমাদের ওয়েবসাইট থেকে ফর্মটা ডাউনলোড করে নিতে পারা যাবে।

10

**আপনার PoA দলিল ব্যবহারের আগে অবশ্যই সেটা পাবলিক গাডিয়ান (Public Guardian) কে দিয়ে রেজিস্ট্রেশন করাতে হবে -** আপনি যদি কোনও সলিসিটর-কে আপনার PoA দলিল প্রস্তুত করতে বলে থাকেন, তাহলে সাধারণ ভাবে তারা নিজেরাই আপনার তরফ থেকে আমাদের কাছে সেই দলিলটা পাঠিয়ে দেবে। অন্য পেশাজীবীরাও সেই সার্ভিস দিতে পারে।

আপনি যদি নিজেই আমাদের কাছে দলিলটা পাঠাতে চান তাহলে আপনি আমাদের ওয়েবসাইট ব্যবহার করে অনলাইনে পাঠাতে পারেন। ডাকে পাঠাতে হলে, অনুগ্রহ করে নিম্নলিখিত কাগজগুলি আমাদের পাঠাবেন :

1. নির্ধারিত সার্টিফিকেট সহ সই করা PoA দলিলটি।
2. রেজিস্ট্রেশন ফর্ম-এর পূরণ করা পৃষ্ঠাগুলি ।
3. রেজিস্ট্রেশন ফি, যদি সেটা প্রযোজ্য হয় - ওয়েবসাইটের current fees টি দেখবেন বা আমাদের টেলিফোন করবেন।

**আরও সাহায্যের প্রয়োজন থাকলে -** সাধারণ যে কোনও অনুসন্ধানে আমরা সানন্দে সাহায্য করব কিন্তু আমরা আইনগত কোনও পরামর্শ দিতে পারব না।


Office of the Public Guardian (Scotland)
Hadrian House
Callendar Business Park
Callendar Road
Falkirk, FK1 1XR

ওয়েবসাইট : www.publicguardian-scotland.gov.uk

ইমেইল : opg@scotcourts.gov.uk

টেলিফোন : 01324 678300